গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উলিপুর, কুড়িগ্রাম
www.ulipur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৭.৪৯৯৪.০০০.০২.০৭৩.২৬-১৪৩৮ তারিখ : ০৭ আশ্বিন, ১৪৩৩ / ২৫ সেপ্টেম্বর, ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ)কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ এর সংশোধিত বিধিমালা ২০১৬ মোতাবেক কুড়িগ্রাম জেলাধীন উলিপুর উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (দফাদার/মহল্লাদার) নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ডের প্রকৃত নাগরিক/ স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম নং | ইউনিয়নের নাম | যে ওয়ার্ডে মহল্লাদার নিয়োগ করা হবে ওয়ার্ড নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও শারীরিক যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | বুড়াবুড়ী | ১ ও ৪ | মহল্লাদার | ০২ | সরকারি বিধি মোতাবেক | ৩২ বছর | পুরষদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফিট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি স্বাভাবিক ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন ৫০ কেজি, মহিলাদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফিট, বুকের মাপ ২৮ ইঞ্চি স্বাভাবিক ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন ৪৫ কেজি শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেনী পাশ |
| ০২ | খেতরাই | ৬ | মহল্লাদার | ০১ | | | |
| ০৩ | থামশ্রেণী | ২ | মহল্লাদার | ০১ | | | |
| ০৪ | বেগমগঞ্জ | ৫ ও ৬ | মহল্লাদার | ০২ | | | |
| ০৫ | বজরা | ১, ৩ ও ৬ | মহল্লাদার | ০৩ | | | |
| ০৬ | ধরণীবাড়ী | ২ | মহল্লাদার | ০১ | | | |
| ০৭ | গুনাইগাছ | ২, ৩ ও ৯ | মহল্লাদার | ০৩ | | | |

শর্তাবলীঃ

১. আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনপত্র আগামী ১৫-১০-২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে দাখিল করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

৩. আগামী ১৫-১০-২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে মৃত/অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যেক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

৫. এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

৬. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখ ও স্থানে বাছাই পরীক্ষায় (লিখিত, মৌখিক ও শারীরিক) অংশগ্রহণ করতে হবে এবং এর জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮. আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (১৫-১০-২০২৬ তারিখ পর্যন্ত ), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৯. আবেদনের সাথে প্রার্থীর (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি সত্যায়িত ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, (ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি, (ঙ) প্রার্থীর সংশ্লিষ্ট ওয়ার্ড / ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের মূল কপি,

চলমান পাতা -২

(চ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানক/ সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং খামের উপর কোটা উল্লেখ করতে হবে, (ছ) আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম বরাবর ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে, (জ) আবেদন পত্রের সাথে ১০/- (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে, (ঝ) সকল সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। উক্ত কাগজপত্র ব্যতীত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

১০. আবেদনকারী/ প্রার্থীর দাখিলকৃত তথ্য ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র/ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. কর্তৃপক্ষ যে কোন সময়ে/ পর্যায়ে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
(এ. টি. এম. আরিফ)
উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।
ফোনঃ ০৫৮২৮-৫৬০০৮
মেইল: unoulipur@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৭.৪৯৯৪.০০০.০২.০৭৩.২৬- ১৪৩৮

তারিখ : ০৯ আশ্বিন, ১৪৩৩
২৪ সেপ্টেম্বর, ২০২৬

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম।
০৪। উপজেলা প্রকৌশলী, উলিপুর, কুড়িগ্রাম।
০৫। অফিসার ইনচার্জ উলিপুর থানা, উলিপুর, কুড়িগ্রাম।
০৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, বুড়াবুড়ী, থেতরাই, ধামশ্রেণী, বেগমগঞ্জ, বজরা, ধরণীবাড়ী ও শুনাইগাছ ইউনিয়ন পরিষদ। (তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নের গুরুত্বপূর্ন স্থান ও সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ন স্থানে টাংগিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৭। আইসিটি অফিসার, উলিপুর, কুড়িগ্রাম। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি www.ulipur.kurigram.gov.bd website এ uplod করার জন্য অনুরোধ করা হলো।
০৮। .....
.....।
০৯। নোটিশ বোর্ড।

৪/০৯/২৬
উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

CamScanner